# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 30-09-2025** **Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) শারদীয়া দুর্গোৎসবের আজ মহাষ্টমী। সকাল থেকে মন্ডপে মন্ডপে অষ্টমী বিহিত পুজো পুষ্পাঞ্জলীর ও কুমারী পুজোর আয়োজন করা হয়। অষ্টমী ও নবমীর সন্ধিক্ষণে হয় সন্ধিপুজো।

২) মহাষ্টমীর দুপুরে কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আচমকা বৃষ্টিতে প্রতিমা দর্শন কিছুটা ব্যাহত হলেও মন্ডপগুলিতে এখন জনজোয়ার।

৩) উত্তর আন্দামান সাগরে সৃষ্ট ঘূর্ণাবর্ত গভীর নিম্নচাপে পরিণত হওয়ার সম্ভাবনার প্রেক্ষিতে দক্ষিণবঙ্গে আগামীকাল থেকে বৃহস্পতিবার পর্যন্ত বৃষ্টির পূর্বাভাষ। উত্তরবঙ্গে বৃহস্পতিবার থেকে বৃষ্টি বাড়বে।

৪) অন্ত্যোদয় রেশন গ্রাহক পরিবারগুলির প্রকৃত অবস্থা যাচাই করতে রাজ্য খাদ্যদফতর বিস্তারিত পর্যালোচনার নির্দেশ দিয়েছে।

৫) নিরাপত্তাজনিত কারণে মোহনবাগান সুপারজায়ান্ট ইরানে সেপাহান এফ সির বিরুদ্ধে এএফসি চ্যাম্পিয়ন্স লিগ টু এর ম্যাচ খেলতে না যাওয়ায় তাদের প্রতিযোগিতা থেকে সরিয়ে দেওয়া হয়েছে।

ooooooooooooooooo

শারদীয়া দুর্গোৎসবের আজ মহাষ্টমী।

(ঢাক)

সকাল থেকে মন্ডপে মন্ডপে দেবী দুর্গার অষ্টমী বিহিত পুজো সম্পন্ন হয়ওয়ার পর চলে পুষ্পাঞ্জলীর পালা। বেলুড় মঠ, কামারপুকুর, জয়রামবাটি সহ বিভিন্ন জায়গায় হয় কুমারী পুজোরও। মহা অষ্টমী ও মহা নবমীর সন্ধিক্ষণে আয়োজন করা হয় সন্ধিপুজোরও। বেশিরভাগ মন্ডপেই বেলা ১-টা ২১ মিনিট থেকে ২-টো ৯ মিনিট পর্যন্ত সন্ধিপুজো চলে। তবে, বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকা অনুযায়ী বেলুড় মঠ ও কয়েকটি জায়গায় সন্ধিপুজো শুরু হয় বিকেল ৫-টা ৪৩ মিনিটে, চলে সন্ধে ৬-টা ৩১ মিনিট পর্যন্ত।

বাগবাজার সার্বজনীন দুর্গোৎসবে কৃষ্টি অনুযায়ী অষ্টমী পুজোর সঙ্গেই আয়োজন করা হয় বীরাষ্টমীর।

কোনরকম অপ্রীতিকর ঘটনা এড়াতে নিরাপত্তা ব্যবস্থাও জোরদার করা হচ্ছে।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিজিৎ)

কলকাতার পাশাপাশি জেলার পুজো মন্ডপগুলিতেও উপচেপড়া ভীড়।

০০০০০০০০০০০০০০০০০০০

প্রাচীন ঐতিহ্য আর পরম্পরা রক্ষায় তিথি মেনে বাঁকুড়ার জয়রামবাটি মাতৃমন্দিরে আজ কুমারী পুজো অনুষ্ঠিত হয়। শ্রী শ্রী সারদা মায়ের জন্মস্থান বাঁকুড়ার পুণ্যভূমি জয়রামবাটিতে এবার কুমারী রূপে পূজিতা হন ৫ বছর ৬ মাস বয়সের মিশিকা ব্যানার্জী। উল্লেখ্য এই মিশিকারও জন্ম মা সারদার জন্মতিথিতেই। নামের সঙ্গেও যুক্ত রয়েছে দেবী দুর্গার বিশেষ গুণ। মা সারদার পুরাতন বাড়ি থেকে কুমারীকে সাজিয়ে সিংহাসনে বসিয়ে বাদ্যযন্ত্র সহযোগে আনা হয় মাতৃমন্দিরের দুর্গামণ্ডপে। এই পুজো দেখতে জয়রামবাটিতে ছিল ভক্তদের উপচে পড়া ভিড়।

০০০০০০০০০০০০০০০০০০

জলপাইগুড়ি রামকৃষ্ণ মিশন আশ্রমে আজ কুমারী পুজোর আয়োজন করা হয়। এই পুজো এবার ৬৫ বছরে পড়লো। এবার কুমারী হয়েছিল ৬ বছরের জাগৃতি চট্টোপাধ্যায়।

অন্যদিকে, রায়গঞ্জ ছত্রপুর রামকৃষ্ণ মিশনেও কুমারী পুজো দেখতে দুরদুরান্ত থেকে অসংখ্য ভক্ত হাজির হন। পূর্বাষাপাড়ার প্রথম শ্রেণীর পড়ুয়া বর্ণিতা চক্রবর্তীকে দেবীজ্ঞানে পুজো করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব বর্ধমানের মন্তেশ্বরে অষ্টমী ও নবমী সন্ধিক্ষণে দেবী চামুন্ডা মন্দিরে আজ সন্ধি পুজো দেখতে দুরদুরান্ত থেকে বহু ভক্ত ভীড় জমান। নিষ্ঠা সহকারে দেবীর আরাধনার পাশাপাশি চন্ডীপাঠ, আরতি ও বলির আয়োজন করা হয়। আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, বর্ধমানের মহারাজা কৃতীচাঁদ রায়, দেবীর চামুন্ডার স্বপ্নাদেশ পান। তারপর দেবীর সেবা কাজ চালিয়ে নিয়ে যেতে তিনি সেবায়তদের জামি-জায়গা দান করেন। বর্তমানে দেবীর তিনটি মন্দির রয়েছে। মূল মন্দিরে সারা বছর দেবীর চামুন্ডার পুজো হলেও, যষ্ঠী থেকে দশমীর এই পাঁচদিন দুর্গারূপে দেবী পূজিতা হন।

এদিকে, মন্তেশ্বরের ওই এলাকায় চৌধুরী ও রায় বাড়িতে দুর্গা পুজো হলেও মৃণময়ী মূর্তি আনা হয় না। নবপত্রিকায় পুজো করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০

মহাষ্টমীর সকা্লে  দক্ষিণ ২৪ পরগণার  ডায়মন্ড হারবার আজ এক অন্য দৃশ্যের সাক্ষী হয়ে রইলো । ডায়মন্ড হারবার পুলিশের উদ্যোগে  অসহায় বৃদ্ধ-বৃদ্ধা ও শিশুদের উৎসবে সামিল করা হয়। পুলিশের গাড়িতে নিয়ে গিয়ে একাধিক মণ্ডপে প্রতিমা দর্শনের, দিনভর খাওয়া-দাওয়ারও ব্যবস্থা করে পুলিশ নিখরচায়।

০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর আন্দামান সাগরে আজ একটি ঘূর্ণাবর্ত তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে। আগামীকালের মধ্যে তা নিম্নচাপ এবং ক্রমশ গভীর নিম্নচাপে পরিণত হতে পারে। পশ্চিম মধ্য বঙ্গোপোসাগর এলাকায় সৃষ্ট এই নিম্নচাপ শুক্রবার তিন তারিখ নাগাদ ওড়িশা উপকূলের দিকে অগ্রসর হবে। এর প্রভাবে আগামীকাল থেকে বৃহস্পতিবার পর্যন্ত দক্ষিণবঙ্গে আকাশ মেঘলা

থাকবে, বৃষ্টিরও সম্ভাবনা রয়েছে। আগামী ২৪ ঘণ্টায় দক্ষিণবঙ্গে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাষ দিয়েছেন আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস।

(বাইট)

তিনি জানিয়েছেন, আগামীকালও দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা। ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর ও হাওড়ায়। কলকাতা, উত্তর ২৪ পরগনা, হুগলী, বাঁকুড়া, পূর্ব বর্ধমান, বাঁকুড়া এবং নদীয়া জেলায় ভারী বৃষ্টির সম্ভাবনা।

উত্তরবঙ্গেও আগামীকাল বজ্রগর্ভ মেঘ ও হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। তবে,বৃহস্পতিবার থেকে উত্তরবঙ্গে বৃষ্টির পরিমাণ বাড়বে।

উপকূলবর্তী এলাকায় আগামীকাল থেকে শনিবার চৌঠা অক্টোবর পর্যন্ত ঝোড়ো হাওয়া বয়ে যাবে। মৎস্যজীবীদের আগামীকাল থেকে শনিবার চৌঠা অক্টোবর পর্যন্ত সমুদ্রে পাড়ি দিতে নিষেধ করা হয়েছে।

oooooooooooooooooooooo

মাত্র এক সদস্য বিশিষ্ট অন্ত্যোদয় রেশন গ্রাহক পরিবারগুলির প্রকৃত অবস্থা নিয়ে সংশয় দেখা দেওয়ায় খাদ্যদপ্তর বিস্তারিত পর্যালোচনার নির্দেশ দিয়েছে। দপ্তরের সাম্প্রতিক সমীক্ষায় দেখা গেছে, প্রকৃত প্রাপক না হয়েও বহু পরিবার অন্ত্যোদয় প্রকল্পের সুবিধা পাচ্ছে। তাই দ্বিতীয় দফায় সমীক্ষার জন্য নতুন নির্দেশিকাও জারি করা হয়েছে। অন্ত্যোদয় প্রকল্পে পরিবার পিছু ৩৫ কেজি চাল-গম বরাদ্দ হয়। পারিবারিক আর্থিক অবস্থা খুবই খারাপ হলে তবেই এই প্রকল্পের আওতায় আসা যায়। তবে খাদ্যদপ্তরের তদন্তে ধরা পড়েছে, বহু এক সদস্যের পরিবার তালিকাভুক্ত হলেও সেগুলির একটি বড় অংশ আসলে আলাদা পরিবার হিসেবে নেই।

প্রথম দফার পর্যালোচনায় রাজ্যে ৩ লক্ষ ৩৫ হাজার এক সদস্যের অন্ত্যোদয় পরিবার চিহ্নিত হয়েছিল। কয়েক মাস ধরে সমীক্ষা চালিয়ে সেই সংখ্যা নেমে এসেছে ৩ লক্ষ ১২ হাজারে। অর্থাৎ মাত্র ২৩ হাজার পরিবার বাদ দেওয়া গিয়েছে। এখনও অন্ত্যোদয় পরিবারগুলির ১৯ শতাংশই এক সদস্যের পরিবার। কেন্দ্রীয় সরকার নির্ধারিত কোটার

ভিত্তিতে রাজ্যের মোট অন্ত্যোদয় পরিবার সংখ্যা ১৬ লক্ষ ৪১ হাজার ৭৫২। এর মধ্যে ৩ লক্ষ ১২ হাজার ৩৬৩ পরিবার এক সদস্যের হিসেবে রয়েছে। দেশের অন্য কোনও রাজ্যে এত বেশি এক সদস্যের অন্ত্যোদয় পরিবার নেই।

০০০০০০০০০০০০০০০০০০০০০

সেবা ও সুশাসন, অর্থাৎ জনসেবা এবং সুশাসনের মন্ত্রে পরিচালিত, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার রূপান্তর ও অগ্রগতি আনতে অক্লান্ত পরিশ্রম করে চলেছে। আজ, এই বিশেষ - 'সেবা পর্ব'-এ, আমরা আপনাদের সামনে তুলে ধরছি কিভাবে গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লার মহাকাশে ঐতিহাসিক যাত্রা ভারতের উচ্চাকাঙ্ক্ষী মহাকাশ কর্মসূচিকে এগিয়ে নিয়ে যাচ্ছে এবং অনুসন্ধানের একটি নতুন যুগের অনুপ্রেরণা জোগাচ্ছে।

একটি প্রতিবেদন

(ভয়েসকাস্ট – কাশফিন)

০০০০০০০০০০০০০০০০০০০০০

সেবা পর্বের এবারের বিশেষ আলোচনার বিষয় বিকশিত ভারতের লক্ষ্যে পরিকাঠামো উন্নয়ন । আলোচনায় অংশ নিয়েছেন জনস্বাস্থ্য কারিগরী দফতরের প্রাক্তন সুপারিটেন্ডিং ইঞ্জিনিয়ার সৌমেন্দ্র গাঙ্গুলী। তার সঙ্গে কথা বলেছেন সন্দীপন দাশগুপ্ত। অনুষ্ঠানটি শুনবেন আগামীকাল পয়লা অক্টোবর রাত সাড়ে ৯-টায় গীতাঞ্জলি ও DTH বাংলায় এবং আকাশবাণী সংবাদ কলকাতার সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

০০০০০০০০০০০০০০০০০

নিরাপত্তাজনিত কারণে মোহনবাগান সুপারজায়ান্ট ইরানে সেপাহান এফ সির বিরুদ্ধে এএফসি চ্যাম্পিয়ন্স লিগ টু এর ম্যাচ খেলতে না যাওয়ায় শাস্তির মুখে পড়েছে। এশিয়ান ফুটবল কনফেডারেশন আজ জানিয়েছে, মোহনবাগানকে প্রতিযোগিতা থেকে সরিয়ে দেওয়া হয়েছে।

এ এফ সি এক বিবৃতিতে জানিয়েছে যে টুর্নামেন্টের নিয়ম অনুসারে মোহনবাগান প্রতিযোগিতা থেকে নাম প্রত্যাহার করেছে বলে ধরে নেওয়া হয়েছে। ইরানের সেপাহান ফুটবল ক্লাবের বিরুদ্ধে গ্রুপ সির ম্যাচটি আজই হওয়ার কথা ছিলো। আগামী ২১ শে অক্টোবর জর্ডনের ক্লাব আল হুসেনের বিরুদ্ধে মোহনবাগানের ম্যাচটি বাতিল করা হয়েছে।

oooooooooooooooooooo